27 JUL 1992

দৈনিক খবর

তারিখ 27 JUL 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬

৭

124

**বিক্ষোভ সমাবেশ, ধর্মঘট ও হরতালের কর্মসূচী চূড়ান্ত**

# ৬০ জনের মামলা প্রত্যাহারের দাবীতে আজ থেকে ছাত্র ঐক্যের কর্মসূচী শুরু

● শাহেদ চৌধুরী ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে দেয়া মামলা প্রত্যাহার সম্পর্কে সরকারী ভূমিকার প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্র ঐক্য বিক্ষোভ সমাবেশ, দেশব্যাপী ছাত্র ধর্মঘট ও আধাবেলা হরতাল কর্মসূচী চূড়ান্ত করেছে। আজ সোমবার হতে আনুষ্ঠানিকভাবে এইসব কর্মসূচী শুরু হবে।

আটটি ছাত্র সংগঠনের জোট গণতান্ত্রিক ছাত্র ঐক্যভুক্ত একটি প্রভাবশালী ছাত্র সংগঠনের একজন শীর্ষ পর্যায়ের নেতা 'দৈনিক খবর'–এর এই প্রতিবেদককে জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে দেয়া মামলা মিথ্যা এবং ষড়যন্ত্রমূলক। তিন জোটের রূপরেখা অনুযায়ী এই মামলা প্রত্যাহার করে নেয়ার কথা থাকলেও সরকার সেটা করেনি। সরকারের এই ধরনের ভূমিকার কারণেই আমরা আমাদের কর্মসূচী চূড়ান্ত করেছি।

সূত্র জানায়ঃ গণতান্ত্রিক ছাত্র ঐক্য তাদের কর্মসূচী অনুযায়ী আজ সোমবার বিকেলে জাতীয় প্রেসক্লাবের সামনে বিক্ষোভ সমাবেশ করবে। এদিন বিক্ষোভ সমাবেশের পর থাকবে প্রতিবাদ মিছিলের কর্মসূচী। কাল মঙ্গলবার ছাত্র ধর্মঘটের কর্মসূচী ঘোষণা দেয়া হবে। দেশব্যাপী এ কর্মসূচীর ডাক দেয়ার চিন্তা–ভাবনা রয়েছে। গণতান্ত্রিক ছাত্র ঐক্যের পরবর্তী কর্মসূচীতে রয়েছে, সারাদেশে আধাবেলা হরতাল পালন। অবশ্য হরতাল কর্মসূচীর

২ এর পাতায় দেখুন

## ৬০ জনের মামলা

প্রথম পৃষ্ঠার পর

সময় সীমা এখনও চূড়ান্ত করা হয়নি। বিক্ষোভ সমাবেশ, প্রতিবাদ মিছিল ও ছাত্র ধর্মঘট পালন শেষে হরতাল কর্মসূচীর সময় সীমা চূড়ান্ত করা হবে। এর আগে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ হরতাল পালনের চূড়ান্ত প্রস্তুতি নেবেন। এই প্রস্তুতির অংশ হিসেবে রাজনৈতিক দল, ছাত্র সংগঠন ও পরিবহন নেতৃবৃন্দের মতামত এবং তাদের সিদ্ধান্ত নেয়া হবে।

উল্লেখ্য, আজ সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে দেয়া মামলার রায় ঘোষণা করা হবে। বাংলাদেশ ছাত্রলীগ (মঈনু–ইকবাল) এবং গণতান্ত্রিক ছাত্র ঐক্যসহ বেশীর ভাগ ছাত্র সংগঠন এই মামলাকে মিথ্যা হিসেবে আখ্যায়িত করেছে। এ ব্যাপারে জনমত গড়ে তোলার জন্যে ছাত্র নেতৃবৃন্দ জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেছেন। ইতিমধ্যে দেশের অসংখ্য রাজনৈতিক ব্যক্তিত্ব এই মামলা প্রত্যাহার করে নেয়ার জন্যে সরকারের প্রতি আহবান জানিয়েছিলেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে বিরোধী রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ সাক্ষাৎ করেছেন। এ ছাড়াও বাংলাদেশ ছাত্রলীগ (মঈনু–ইকবাল) গত ২৩শে জুলাই জাতীয় প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ এবং বিক্ষোভ মিছিল, ২৫শে জুলাই জাতীয় সংসদের স্পীকার ও বিরোধী দলীয় উপনেতার কাছে স্মারকলিপি দিয়েছেন। গণতান্ত্রিক ছাত্র ঐক্য গত ২০শে জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল, গত ২৩শে জুলাই জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে মশাল মিছিল এবং ২৫শে জুলাই জাতীয় সংসদে স্পীকারের কাছে স্মারকলিপি দিয়েছে।

এদিকে ৬০ জন ছাত্র নেতার মামলাকে ঘিরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে চরম উত্তেজনা ও আতংক বিরাজ করছে। ইতিমধ্যে অধিকাংশ ছাত্র–ছাত্রী ক্যাম্পাস এবং হল ছেড়ে যাচ্ছে।

গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সাথে সংশ্লিষ্ট আরেকটি সূত্র জানায়, আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে দেয়া মামলার রায় ঘোষণার পর দেশের সার্বিক অবস্থার উপর নির্ভর করে আমাদের গৃহীত কর্মসূচীর কার্যক্রম শুরু হবে। বিরাজমান পরিস্থিতির উপর নির্ভর করে কর্মসূচী শেষ মুহূর্তে স্থগিত কিংবা বাতিল করা হতে পারে।

ISTICS

SHEET — OF — SHEETS